

💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (مُعُرِكَةٍ مِنْ مَعْرِكَةٍ مِنْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মका বाহिनी সম্পরে গুরুত্বপূর্ণ তথ্যলাভ (پُكِيْشِ الْمَكِيْ الْجَيْشِ الْمَكِيْ الْمَعْلُوْمَاتِ عَنْ الْجَيْشِ الْمَكِيْ الْمَكِيْ

ঐ দিনই সন্ধ্যায় রাসূলুল্লাহ (ﷺ) শক্রদের অবস্থা পর্যবেক্ষণের জন্য নতুনভাবে এক গোয়েন্দা বাহিনী গঠন করেন। এ বাহিনীর ব্যবস্থাপনার জন্য আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ), যুবাইর ইবনু 'আউওয়াম (রাঃ) এবং সা'দ ইবনু ওয়াক্কাস (রাঃ)-কে প্রেরণ করেন। এ গোয়েন্দা বাহিনী সরাসরি বদরের প্রস্রবণে গিয়ে পৌঁছেন। সেখানে দুজন গোলাম মক্কা বাহিনীর জন্য পানির পাত্র পূর্ণ করছিল। মুসলিম গোয়েন্দা বাহিনী এ দুজন পানি বাহককে বন্দী করে রাসূলুল্লাহ (ﷺ) এর নিকট হাযির করেন। ঐ সময় রাসূলুল্লাহ (ﷺ) সালাতরত ছিলেন। উপস্থিত সাহাবীগণ ঐ গোলামদ্বয়কে বিভিন্ন ব্যাপারে জিজ্ঞাসাবাদ করতে থাকলেন। উত্তরে তারা বলল যে, 'আমরা কুরাইশদের পানি বাহক। পাত্রে পানি ভর্তি করে আনার জন্য তারা আমাদের পাঠিয়েছিল।

তাদের এ জবাবে সাহাবীগণ সন্তুষ্ট হতে পারলেন না। তাদের আশা ছিল যে, এরা দুজন হবে আবূ সুফইয়ানের লোক। কেননা, তাদের অন্তরে তখনো এ ক্ষীণ আশা বিরাজমান ছিল যে, তারা আবূ সুফইয়ানের বাণিজ্য কাফেলার উপর জয়যুক্ত হবেন। সুতরাং তারা ঐ গোলামদ্বয়কে কিছু মারপিটও করেন। তারা তখন বাধ্য হয়ে বলল যে, তারা আবৃ সুফইয়ানের কাফেলার লোক। এ কথা বলার পর তাদের মারপিট বন্ধ করা হয়।

ততক্ষণে রাসূলুল্লাহ (ﷺ) সালাত আদায় শেষ করেছেন। সাহাবীগণের এহেন আচরণে বিরক্ত হয়ে তিনি বললেন, 'গোলামদ্বয় যখন সত্য কথা বলল, তখন তোমরা তাদের মারপিট করলে, অথচ যখন মিথ্যা কথা বলল তখন তাদের ছেড়ে দিলে। আল্লাহর কসম! তারা দুজন সঠিক কথাই বলেছিল যে, তারা কুরাইশের লোক।'

এরপর রাসূলুল্লাহ (ﷺ) ঐ গোলাম দ্বয়কে বললেন, আচ্ছা এখন আমাকে কুরাইশদের সম্পর্কে খবর দাও।' তারা বলল, 'ঐ যে টিলাটি, যা উপত্যকার শেষ প্রান্তে দেখা যাচ্ছে, কুরাইশরা তারই পিছনে অবস্থান করছে।' তিনি প্রশ্ন করলেন, 'তারা কতজন আছে''? উত্তরে তারা বলল, 'অনেক'।

তিনি আবারও জিঞ্জেস করলেন, তাদের সংখ্যা কত?' তারা বলল 'আমাদের তা জানা নেই।' তিনি পুনরায় প্রশ্ন করলেন, 'প্রত্যহ কটি উট জবেহ করা হয়?'

তারা জবাব দিল, 'একদিন নয়টি এবং আরেক দিন দশটি"। তখন রাসূলুল্লাহ (ﷺ) মন্তব্য করলেন, 'তাহলে তো তাদের সংখ্যা নয়শ ও এক হাজারের মাঝামাঝি হবে।'

তারপর তিনি তাদেরকে পুনরায় প্রশ্ন করলেন, 'তাদের সঙ্গে সম্ভ্রান্ত কুরাইশদের কে কে আছে"?

উত্তরে তারা বলল, 'রাবী'আহর দু'পুত্র 'উত্বাহ ও শায়বাহ, আবুল বাখতারী ইবনু হিশাম, হাকীম ইবনু হিযাম, নাওফাল ইবনু খুওয়াইলিদ, হারিস ইবনু আমির, তোআইমাহ ইবনু আদী, নাযর ইবনু হারিস, যামআহ ইবনু



আসওয়াদ, আবূ জাহল ইবনু হিশাম, উমাইয়া ইবনু খালফ এবং আরও অনেকে। রাসূলুল্লাহ (ﷺ) বললেন, 'মক্কা তার কলিজার টুকরোগুলোকে তোমাদের পাশে এনে নিক্ষেপ করেছে।'

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6190

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন